

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেপ্টেম্বর ২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আলী নূর
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভার স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ

তারিখ : ০৮.০৯.২০২০ খ্রি:

সময় : বেলা ১১.০০ টা

(উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও বিভিন্ন অধিদপ্তর হতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপ-সচিব (প্রশাসন-১) আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা শেষে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১।	পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভায় গত ২৭ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে অনুষ্ঠিত পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। এতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন না থাকায় তা সর্বসম্মতভাবে দৃষ্টিকরণ করা হয়।	সংশ্লিষ্ট সকল
০২।	অফিস ব্যবস্থাপনা	সভায় এ বিভাগের অফিস ব্যবস্থাপনার বিভিন্ন ইস্যু নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন শাখার পেন্ডিং চিঠিপত্রের তালিকা উপস্থাপন করা হয় এবং পেন্ডিং কার্যক্রমের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	০১। যেকোন শাখায় পত্র পাওয়া মাত্রই যতদ্রুত সম্ভব নথি উপস্থাপন করতে হবে। কোন প্রকার প্রস্তাব বিলম্বে উপস্থাপন করা যাবে না। সচিবালয় নির্দেশমালা অনুযায়ী বিশেষ ক্ষেত্র ব্যতিত শাখা পর্যায়ে ৭২ ঘন্টার মধ্যে প্রাপ্ত চিঠিপত্র উপস্থাপন করতে হবে। ০২। প্রতি সমন্বয় সভার পূর্বে সকল অধিদপ্তর হতে মন্ত্রণালয় কর্তৃক যাচিত প্রেন্ডিং প্রতিবেদন এবং অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ের নিকট যাচিত পেন্ডিং কার্যক্রমের তালিকা অধিদপ্তর এ বিভাগের প্রশাসন-১ শাখায় প্রেরণ করবেন। ০৩। প্রত্যেক শাখা কর্মকর্তাকে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুসরণ করে নথির প্রেন্ডিং বিন্যাস ও নথি বিনষ্টকরণের উদ্যোগ নিতে হবে। পরবর্তী সমন্বয় সভায় প্রত্যেক শাখার এ সংক্রান্ত তালিকা উপস্থাপন করতে হবে। ০৪। সকল কর্মকর্তা-কর্মচারীগণ অফিস সময়সূচি অনুযায়ী আবশ্যিকভাবে সকাল ০৯.০০ টার মধ্যে অফিসে উপস্থিত হতে হবে।	মহাপরিচালক (সকল)/ এ বিভাগের সকল কর্মকর্তা সকল কর্মকর্তা সকল কর্মকর্তা সকল কর্মকর্তা-কর্মচারী



০৩।	এপিএ বাস্তবায়ন	<p>ক. সভায় ২০১৯-২০ অর্থ বছরে এপিএ অর্জন প্রতিবেদন এবং ২০২০-২১ অর্থ বছরের দাখিলকৃত এপিএ উপস্থাপন করা হয়। ২০১৯-২০ অর্থ বছরে এপিএ অর্জন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর সংশ্লিষ্ট প্রায় সকল সূচকে কোন অর্জন নেই। এছাড়া, এ বিভাগের প্রণীতব্য সকল আইনের কোন অর্জন নেই।</p> <p>খ. ২০২০-২১ অর্থ বছরের দাখিলকৃত এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>০১। যেসকল সূচকে ১০০% অর্জন হয়েছে সেসকল সূচকের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</p> <p>০২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রায় সকল সূচকে এবং এ বিভাগের আইনসমূহের সকল সূচকের লক্ষ্যমাত্রার বিপরীতে কোন অর্জন না হওয়ার বিষয়ে লিখিত ব্যাখ্যা প্রদানের জন্যে মহাপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানকে অনুরোধ করা হয়।</p> <p>০৩। ২০২০-২১ অর্থ বছরের দাখিলকৃত এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সকল দপ্তর/সংস্থা এবং এ বিভাগের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে বছরের শুরু থেকেই সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নিয়ে অগ্রসর হওয়ার জন্যে অনুরোধ করা হয়।</p>	<p>মহাপরিচালক (সকল)/ এ বিভাগের সকল কর্মকর্তা</p> <p>মহাপরিচালক (পরিবার পরিকল্পনা) /অতিরিক্ত সচিব (জনসংখ্যা.প.ক. ও আইন/ চিহ্নী শিক্ষা)</p> <p>মহাপরিচালক (সকল)/ এ বিভাগের সকল কর্মকর্তা</p>
০৪।	ই-নথি বাস্তবায়ন	<p>সভায় এ বিভাগের বিভিন্ন শাখা এবং অধিদপ্তরের ই-নথি কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>এ বিভাগের ইনোভেশন টিমের টাম লিডার অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) বিগত মাসের ই-নথি কার্যক্রমে এ বিভাগের শাখা ভিত্তিক পারফরমেন্স উপস্থাপন করেন। প্রশাসন-২ শাখা ১ম, চিকিৎসা শিক্ষা-২ শাখা ২য়, পার-১ শাখা ৩য়, সচিব মহোদয়ের দপ্তর ৪র্থ, ক্রয় ও সংগ্রহ-১ শাখা ৫ম স্থান অধিকার করে। তিনি জানান এ বিভাগের ইনোভেশন টিমের আগস্ট, ২০২০ মাসের সভায় ই-নথিতে শ্রেষ্ঠ অর্জনকারী ৫টি শাখাকে পুরস্কৃত সুপারিশ করা হয়।</p>	<p>০১। আগামী মাসের মধ্যে এ বিভাগের সকল শাখায় ই-ফাইলিং কার্যক্রম শতভাগ নিশ্চিত করতে হবে। ব্যতিক্রম ব্যতিত হার্ড ফাইলে কোন প্রস্তাব উপস্থাপন করা যাবে না।</p> <p>০২। ই-নথি বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারীকে দক্ষ করে গড়ে তোলার জন্য নিয়মিত প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।</p> <p>০৩। সকল অধিদপ্তর হতে যথাসম্ভব ই-ফাইলিং এ চিঠিপত্র এ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>০৪। নবগঠিত পাস্চ্য শিক্ষা অধিদপ্তর এটুআই এর সাথে যোগাযোগ করে যতদূর সম্ভব ই-নথির কার্যক্রম শুরু করতে হবে।</p> <p>০৫। সভায় ই-নথিতে শ্রেষ্ঠ অর্জনকারী ৫টি শাখাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং আগামী মাস থেকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>মহাপরিচালক (সকল)/ এ বিভাগের সকল কর্মকর্তা</p> <p>৫</p> <p>মহাপরিচালক (সকল)</p> <p>মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর</p> <p>অতিরিক্ত সচিব (প্রশাসন)</p>
০৫।	বাজেট বাস্তবায়ন	<p>গত বছরের শুরুতে বাজেট বাস্তবায়ন ত্বরান্বিত না করায় এডিপি মাত্র ৬৪% বাস্তবায়ন হয়েছে। বর্তমান অর্থ বছরে এডিপি শতভাগ বাস্তবায়নের বিষয়ে বছরের শুরু থেকে পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>০১। বর্তমান অর্থ বছরে এডিপি শতভাগ বাস্তবায়নের বিষয়ে বছরের শুরু থেকে সংশ্লিষ্ট সকলকে পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>০২। রাজস্ব এবং উন্নয়ন উভয় বাজেটের জন্য খাত ভিত্তিক রেজিস্টার চালু করতে হবে। অর্থ খরচ হওয়ার সাথে সাথে উক্ত রেজিস্টারে বিয়োজন সংক্রান্ত কার্যক্রম চলমান রাখতে হবে।</p>	<p>মহাপরিচালক (সকল)/ এ বিভাগের সকল কর্মকর্তা</p> <p>হিসাবরক্ষণ কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল</p>



			<p>০৩। Breast Feeding Foundation এর বিগত ০২ বছরের অর্থ কিভাবে খরচ হয়েছে এ বিষয়ে মাননীয় মন্ত্রীর সদয় নির্দেশনার প্রেক্ষিতে সেবা বিভাগ কর্তৃক যে কমিটি গঠন করা হয়েছে সে কমিটির মতামত দ্রুত গ্রহণ করে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>০৪। বেসরকারি মেডিকেল কলেজের আয় ব্যয়ের হিসাব অডিট ফার্মের মাধ্যমে অডিট করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। অডিট ফার্মের আলাদা খাত তৈরি করতে হবে।</p>	<p>যুগ্মসচিব (বাজেট)</p> <p>যুগ্মসচিব (বাজেট)</p>
০৬।	আইন ও নীতিমালা প্রণয়ন	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রণীতব্য আইন ও নীতিমালাসমূহের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	<p>০১। আগামী সভায় এ বিভাগের প্রণীতব্য আইন ও নীতিমালাসমূহের এপিএর লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি উপস্থাপন করতে হবে।</p> <p>০২। বাংলাদেশ এ্যালাইড হেলথ শিক্ষা বোর্ড আইন, ২০২০ এর খসড়া চূড়ান্ত করে দ্রুততার সাথে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>০৩। বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা আইন ২০২০ এর বিষয়ে জরুরিভিত্তিতে আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে। আন্তঃমন্ত্রণালয় সভার পর পরই আইনের খসড়া উপস্থাপন করতে হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ রাখতে হবে।</p> <p>০৪। বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা আইন, ২০২০ আইনটি বাবাকো হতে আসার পর দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>০৫। বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ আইন, ২০২০ এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ রাখতে হবে।</p> <p>০৬। বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন-২০২০ চূড়ান্ত করণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</p>	<p>অতিরিক্ত সচিব (জনসংখ্যা পরিবার কল্যাণ ও আইন/ চিকিৎসা শিক্ষা) এবং সংশ্লিষ্ট সকল শাখা কর্মকর্তা</p> <p>ঐ</p> <p>ঐ</p> <p>ঐ</p> <p>ঐ</p>
০৭।	পরিদর্শন	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বিভিন্ন শাখা এবং মাঠ পর্যায়ে অবস্থিত বিভিন্ন অফিস/ চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের গুরুত্বারোপ করে সভায় বিস্তারিত আলোচনা হয়।	<p>০১। নির্মাণ ও মেরামত কার্যক্রম পরিদর্শনের জন্য ০১টি ছক, মার্সিং কলেজ/ ইনস্টিটিউট পরিদর্শনের জন্য ১টি ছক এবং সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ পরিদর্শনের জন্য ১টি ছক মোট ৩টি ছকের ভিত্তিতে এ বিভাগের মাঠ পর্যায়ের সকল কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত হয়।</p>	<p>অতিরিক্ত সচিব (উন্নয়ন/ চিকিৎসা শিক্ষা)</p>



			<p>০২। বিদ্যমান ছকসমূহ পরীক্ষা নিরীক্ষাপূর্বক হালনাগাদ করে ছক ৩টি আগামী ১৫ দিনের মধ্যে এ বিভাগের সকল কর্মকর্তার নিকট প্রেরণের জন্য প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। ছক ৩টি এ বিভাগের ওয়েব সাইটেও প্রকাশ করতে হবে।</p> <p>০৩। আগামী মাস হতে মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন শুরু করতে হবে। পরিদর্শন শেষে প্রতিবেদন সচিব, স্বাশিপকবি বরাবর প্রেরণ করতে হবে।</p> <p>০৪। সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুসরণ করে এ বিভাগের সকল কর্মকর্তাকে নিয়মিত শাখা পরিদর্শন করে প্রতিবেদন সচিব, স্বাশিপকবি বরাবর প্রেরণ করতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা</p> <p>সকল কর্মকর্তা</p> <p>সকল কর্মকর্তা</p>
০৮।	নির্মাণ ও মেরামত	সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন স্থাপনাসমূহের নির্মাণ ও মেরামতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	<p>০১। ৫৭৬ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুনঃনির্মাণের ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর সাথে যোগাযোগ রাখতে হবে।</p> <p>০২। এ বিভাগের কর্মকর্তাগণ বিভাগ/ জেলা/ উপজেলায় সরকারি সফরকালীন সময়ে এ বিভাগের নির্মাণাধীন/ মেরামত সংক্রান্ত কোন কার্যক্রম চলমান থাকলে সেসকল স্থাপনা পরিদর্শন করবেন।</p> <p>০৩। সিলেট বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস তখন দ্রুত হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>০৪। সকল মেরামতের আগের ও পরের ছবি ও ভিডিও সংরক্ষণ করতে হবে এবং তা উন্নয়ন সংক্রান্ত সভায় উপস্থাপন করতে হবে।</p>	<p>মহাপরিচালক, প.প.অধি./ স্বাস্থ্য প্রকৌশল অধি./ অতিরিক্ত সচিব (উন্নয়ন)</p> <p>সকল কর্মকর্তা</p> <p>বিভাগীয় পরিচালক (প.প.), সিলেট/ প্রধান প্রকৌ. স্বাস্থ্য প্রকৌ. অধি.</p> <p>অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ প্রধান প্রকৌ. স্বাস্থ্য প্রকৌ. অধি.</p>
০৯।	শূন্যপদ পূরণ	এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	<p>০১। এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণের কার্যক্রম দ্রুততার সাথে শেষ করতে হবে।</p> <p>০২। সম্প্রতি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন যেসকল পদ পূরণের বিজ্ঞপ্তি প্রকাশ করে দরখাস্ত গ্রহণ করা হয়েছে সেসকল পদে জনবল নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র প্রস্তুত রাখতে হবে। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলেই স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষার কার্যক্রম দ্রুততম সময়ে শেষ করতে হবে। এছাড়া, যেসকল পদের ছাড়পত্র ইস্যু করা হয়েছে সেসকল পদের নিয়োগ বিজ্ঞপ্তি বিধি মোতাবেক দ্রুত প্রকাশ করতে হবে।</p>	<p>অতিরিক্ত সচিব, প্রশাসন/ চিফিংস শিক্ষা/ মহাপরিচালক (সকল)</p> <p>মহাপরিচালক (পরিবার পরিকল্পনা অধিদপ্তর)</p>



			<p>০৩। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের জনবল নিয়োগের বিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে প্রকাশ করতে হবে।</p> <p>০৪। সকল অধিদপ্তরের শূণ্য পদের তথ্য এ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>০৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান নিয়োগ বিধিতে উল্লিখিত 'আয়া' পদটি 'সেবা সহায়িকা' পদে রূপান্তর করার কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে।</p> <p>০৬। পদ সৃষ্টি হয়নি এমন সকল সরকারি মেডিকেল কলেজ, আইএইচটি, ম্যাটসসমূহের পদ সৃজন ও শূন্যপদ পূরণের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। এছাড়া, যেসব প্রস্তাব জনপ্রশাসন ও অর্থ বিভাগে অনিষ্পন্ন রয়েছে সেগুলো যোগাযোগ করে জরুরিভিত্তিতে নিষ্পত্তি করতে হবে।</p> <p>০৭। বেসরকারি মেডিকেল কলেজসমূহের কর্মচারীদের চাকুরি বিধিমালা আগামী ১৫ (পনের) দিনের মধ্যে চূড়ান্ত করতে হবে।</p> <p>০৮। ১৫টি সরকারি নার্সিং কলেজ ও ৪৩ টি নার্সিং ইনস্টিটিউট এর খসড়া অর্গানোগ্রাম ও নিয়োগ বিধিমালা প্রণয়নের নিমিত্ত আলাদা সভা করে সিদ্ধান্ত নিতে হবে।</p>	<p>মহাপরিচালক (স্বাস্থ্য শিক্ষা অধি.)</p> <p>মহাপরিচালক (সকল)</p> <p>অতিরিক্ত সচিব, প্রশাসন/ মহাপরিচালক (প.প.)</p> <p>অতিরিক্ত সচিব, প্রশাসন/ মহাপরিচালক (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর)</p> <p>অতিরিক্ত সচিব, প্রশাসন/ চিকিৎসা শিক্ষা/ মহাপরিচালক (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর)</p> <p>অতিরিক্ত সচিব, প্রশাসন/ চিকিৎসা শিক্ষা/ মহাপরিচালক (নার্সিং ও মিড. অধি.)</p>
১০।	প্রশিক্ষণ	এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তরের প্রশিক্ষণ বিষয়ে সভায় আলোচনা হয়।	<p>০১। এ বিভাগের সহকারী সচিব থেকে অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাদের প্রকিউরমেন্ট সংক্রান্ত ১৫ দিন এবং ই-জিপি সংক্রান্ত ০৩ দিনসহ মোট ১৮ (আঠার) দিনের প্রশিক্ষণ CPTU এর মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সামাজিক দূরত্ব মেনে প্রশিক্ষণ আয়োজনের জন্যে CPTU কে পুনরায় অনুরোধ করতে হবে।</p> <p>০২। নিপোর্ট এর ট্রেনিং স্বাস্থ্যবিধি মেনে চালু করতে হবে।</p> <p>০৩। বিদেশ প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত দেশের নাম, প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন ও প্রশিক্ষণসূচি (ক্লিনিকেল প্রশিক্ষণ ১৫ দিন এবং Exposure Visit ৭ দিন মেয়াদি এবং বিভিন্ন OPতে যেভাবে অনুমোদিত আছে সেভাবে) দ্রুততার সাথে বিধি বিধান অনুসরণপূর্বক আয়োজনের জন্য প্রস্তুত রাখতে হবে। কোভিড-১৯ পরিস্থিতি স্ভাবিক হওয়া মাত্রই প্রশিক্ষণ আয়োজন করতে হবে।</p>	<p>মহাপরিচালক (সকল), অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন)</p> <p>মহাপরিচালক (নিপোর্ট)</p> <p>মহাপরিচালক (সকল), অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন)</p>


AG

			<p>০৪। ই-নথি, শুল্কচার, ইনোভেশন, অফিস ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।</p> <p>০৫। স্বাস্থ্য বিধি অনুসরণ করে কর্মকর্তা-কর্মচারীদের সঞ্জিবনী প্রশিক্ষণ আয়োজন করতে হবে।</p>	<p>অতিরিক্ত সচিব (প্রশাসন)</p> <p>অতিরিক্ত সচিব (প্রশাসন)</p>
১১।	চিকিৎসা শিক্ষা সম্পর্কিত	<p>চিকিৎসা শিক্ষার উন্নয়ন, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ডিপিপি প্রণয়ন, মেডিকেল কলেজ ও নার্সিং এর পরীক্ষা গ্রহণ, বেসরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান তত্ত্বাবধান এবং বেসিক বিষয়ের চিকিৎসকগণের প্রণোদনা ভাতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।</p>	<p>০১। স্বাস্থ্যবিধি মেনে মেডিকেল কলেজ এর সকল পরীক্ষা আয়োজন করতে হবে।</p> <p>০২। রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের Feasibility Study দ্রুততার সাথে সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত Steering Committee এর সুপারিশের ভিত্তিতে ডিপিপি প্রণয়ন চূড়ান্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় তৎপরতা অব্যাহত রাখতে হবে।</p> <p>০৩। বেসিক Subject এর চিকিৎসকদের প্রণোদনা প্রদানের জন্য অর্থ বিভাগ থেকে অনুমোদিত প্রণোদনা ভাতার প্রজ্ঞাপন জারি করতে হবে। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনার বিষয়টি উল্লেখপূর্বক প্রণোদনা ভাতার হার বৃদ্ধির জন্য অর্থবিভাগে পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে।</p> <p>০৪। সারা দেশে যেসকল বেসরকারি ম্যাটস, আইএইচটি, নার্সিং কলেজ ও নার্সিং ইনস্টিটিউট এর শিক্ষার্থীর সংখ্যা তুলনামূলক কম/ শিক্ষা প্রদানের সক্ষমতা নেই সেসকল বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম বন্ধ করার নিমিত্ত কমিটি গঠন করতে হবে।</p> <p>০৫। বিএসসি নার্সিং এর ৪র্থ বর্ষের ছাত্র/ছাত্রীদের লিখিত পরীক্ষা শেষ হওয়া মাত্রই স্বাস্থ্যবিধি মেনে মৌখিক পরীক্ষার আয়োজন করতে হবে।</p>	<p>অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)</p> <p>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও প্রকল্প পরিচালক</p> <p>অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)/ মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর</p> <p>অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)/ মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর</p> <p>অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)/ মহাপরিচালক, নার্সিং ও মিত মঙ্গি</p>
১২।	বিবিধ	<p>সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং এর আওতাধীন বিভিন্ন অধিদপ্তরের বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>০১। Allocation of Business অনুযায়ী এ বিভাগের কার্য পুনঃবন্টনের প্রস্তুতকৃত খসড়া প্রস্তাবটি চূড়ান্ত করে মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অনুমোদন গ্রহণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>০২। ৩৫০টি উপজেলায় প্রসব বান্ধব ডেলিভারি সেন্টার চালু করার লক্ষ্যে তালিকা মোতাবেক জরুরিভিত্তিতে মালামাল সরবরাহের ব্যবস্থা করতে হবে।</p> <p>০৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন গর্ভবতী মাদের সেবা সংজ্ঞীকরণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা/উপজেলাসমূহের উত্তাবকবৃন্দের অংশগ্রহণে অনুষ্ঠিত কর্মশালার মাধ্যমে প্রণীত কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সংশ্লিষ্ট কমিটি</p> <p>মহাপরিচালক (পরিবার পরিকল্পনা) অধিদপ্তর)</p> <p>অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও অস্টন)</p>



		<p>০৪। IMED এর Format অনুসরণপূর্বক IT Company এর সহায়তায় স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন দফতরসমূহের মাধ্যমে বাস্তবায়িতব্য বা বাস্তবায়িত প্রকল্পের মনিটরিং ব্যবস্থা MIS এর মাধ্যমে চালু করতে হবে।</p> <p>০৫। স্বাস্থ্য শিক্ষা পরিবার কল্যাণ বিভাগের মাসিক সমন্বয় সভা বিশেষ ব্যতিক্রম ছাড়া প্রতিমাসের ১ম সপ্তাহের বুধবার সকাল ১১ টায় অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>০৬। এ বিভাগ কর্তৃক গৃহীত মুজিব শতবর্ষের সকল কর্মসূচি/ উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়নের জন্যে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।</p> <p>০৭। এ বিভাগের বিভাগীয় মামলা ও পেনশন কেসসমূহ দ্রুততার সাথে শেষ করতে হবে। অডিট আপত্তি থাকলে দ্রুত নিষ্পত্তি করতে হবে।</p> <p>০৮। এ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তরের সরকারি, প্রকল্প ও বিদেশী সংস্থার পুরনো অকেজো গাড়ির তালিকা (গাড়ির নম্বর, মডেল, মেরামতযোগ্য কিনা উল্লেখপূর্বক) প্রণয়ন করে বিধিমোতাবেক পরিবহন পূলে জমা/ নিলামে বিক্রি/অকেজো ঘোষণা করার কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে।</p> <p>০৯। নিপোর্টের প্রধান কার্যালয়ের সাস নম্বর গ্রেট সম্বলিত অকেজো ০৭ টি এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাস নম্বর গ্রেট সম্বলিত অকেজো ০৭ টি গাড়ি অকেজো ঘোষণার জন্য এনবিআর ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে ক্লিয়ারেন্স এর জন্য প্রেরণের সিদ্ধান্ত হয়। তদনুযায়ী দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে।</p> <p>১০। এ বিভাগের ২০২০-২১ অর্থ বছরের ইনোভেশন ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর</p> <p>অতিরিক্ত সচিব (প্রশাসন)</p> <p>সকল কর্মকর্তা</p> <p>অতিরিক্ত সচিব (প্রশাসন/ আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), যুগ্মসচিব (বাজেট)</p> <p>মহাপরিচালক (সকল)/ সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা</p> <p>মহাপরিচালক (সকল)/ সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা</p> <p>মহাপরিচালক (সকল)/ সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা</p>
--	--	---	---

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: আলী নূর)
সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-১ শাখা।
www.mefwd.gov.bd

নং- ৩৯.০০.০০০০.১০৪.০৬.০০৫.১৭.৬৩৪

তারিখ: ১৩ আশ্বিন, ১৪২৭
২৮ সেপ্টেম্বর, ২০২০

কনিষ্ঠ কর্মীদের অগ্রগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপাচার্য,.....মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ নিপোর্ট/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
- ৩। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
- ৬। লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক (সকল),
- ৭। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৮। উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। টেকনিক্যাল ম্যানেজার (টেমো), মহাখালী, ঢাকা
- ১৩। অফিস কপি


28/09/2020
(মোহাম্মদ আবদুল কাদেব)
উপসচিব (প্রশাসন-১)
ফোন-৯৫৪৫৮২০